

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৭

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ২, প্রথম অনুচ্ছেদ - সন্দেহ-সংশয়, কুমন্ত্রণা

بَابُ الْوَسْوَسَة

আরবী

وَعَنِ ابْنِ مَسْعُودِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَا مِنْكُمْ مِنْ أَحَدٍ إِلَّا وَقَدْ وُعَنِ ابْنِ مَسْعُودِ قَالَ: قَالَ: وَإِيَّا يَ وَكَلِّ بِهِ قَرِينُهُ مِنَ الْمَلَائِكَةِ. قَالُوا: وَإِيَّاكَ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: وَإِيَّايَ وَلَيَّايَ وَلَكِنَّ اللَّهَ أَعَانَنِي عَلَيْهِ فَأَسْلَمَ فَلَا يَأْمُرُنِي إِلَّا بِخَيْرٍ . رَوَاهُ مُسلم

বাংলা

৬৭-[৫] ইবনু মাস্'ঊদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের মধ্যে এমন কেউ নেই যার সাথে তার একটি জিন্ (শায়ত্বন (শয়তান)) ও একজন মালাক (ফেরেশতা) সঙ্গী হিসেবে নিযুক্ত করে দেয়া হয়নি। সাহাবীগণ জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রসূল! আপনার সাথেও কি? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আমার সাথেও, তবে আল্লাহ তা'আলা আমাকে জিন্ শায়ত্বনের (শয়তানের) ব্যাপারে সাহায্য করেছেন। ফলে সে আমার অনুগত হয়েছে। ফলে সে কক্ষনও আমাকে কল্যাণকর কাজ ব্যতীত কোন পরামর্শ দেয় না। (মুসলিম)[1]

English

Chapter: Evil Promptings - Section 1

Ibn Mas'ud reported God's messenger as saying, "There is none of you who does not have his partner from among the jinn and his partner from among the angels put in charge of him." The hearers asked, "Does this also apply to you, messenger of God?" He replied, "It applies to me too, but God has helped me against him and he has accepted Islam, so he commands me to do only what is good."

Muslim transmitted it.

ফুটনোট



[1] সহীহ : মুসলিম ২৮১৪, আহমাদ ৩৮০২, সহীহ ইবনু হিব্বান ৬৪১৭, সহীহ ইবনু খুযায়মাহ্ ৬৫৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আপনার সাথেও কি জিন্ সঙ্গী আছে? এর জবাবে রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ হ্যাঁ, আমার সঙ্গেও আছে। তবে তার কুমন্ত্রণা থেকে আমি নিরাপদ। সমগ্র উম্মাত এ বিষয়ে একমত যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর শরীর, মন ও জিহ্বা শায়ত্বনের (শয়তানের) প্রভাব থেকে মুক্ত। এ হাদীসে শায়ত্বনের (শয়তানের) ফিতনাহ্ (ফিতনা) থেকে সতর্ক করা হয়েছে। তাই বিষয়টি তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আমাদেরকে অবহিত করেছেন যাতে আমরা তার কুমন্ত্রণা থেকে বেঁচে থাকার চেষ্টা করি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন